গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৯শে আষাঢ়, ১৪০৭ বাং/৩রা জুলাই ২০০০ ইং।

এস,আর,ও নং ২০৩-আইন/২০০০।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, কোন ব্যক্তির (person) ইতোপূর্বে ঘোষণা করা হয় নাই এইরূপ "অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়" ঘোষণা করার পর উক্ত আয়ের উপর আরোপযোগ্য করের হার হ্রাস করিয়া ঘোষিত আয়ের ১০% হারের অতিরিক্ত আয়কর হইতে উক্ত ব্যক্তিকে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(ক) কোন ব্যক্তি ০১/০৭/২০০০ ইং তারিখ হইতে ৩০/০৬/২০০১ ইং তারিখের মধ্যে "অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়" সম্পর্কে সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার অব ট্যাক্সেস এর নিকট এই প্রজ্ঞাপনে বর্ণিত ছকে ঘোষণা প্রদান করিলে এইরূপে ঘোষিত আয় সম্পর্কে কোন প্রশ্ন উপস্থাপন করা যাইবে না;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

(খ) উক্ত ঘোষণাপত্র দাখিলের তারিখে বা তৎপূর্বে এইরূপে ঘোষিত আয়ের উপর হ্রাসকৃত হারে (১০% হারে) আয়কর পরিশোধ করিতে হইবে;

(গ) ঘোষণা প্রদানকারী করদাতার সংশ্লিষ্ট কর বৎসরের অব্যবহিত পূর্ববর্তী বৎসরে "অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়" খাতে নির্দিষ্ট উৎসে যে আয় তাঁহার রিটার্নে অন্তর্ভুক্ত করা হইয়াছে এবং যাহার উপর স্বাভাবিক হারে কর আরোপ করা হইয়াছে উক্ত প্রকারের আয় এইরূপ ঘোষিত আয়ের অন্তর্ভুক্ত হইবে না;

(ঘ) করদাতার "মোট আয়" (total income) নির্ণয়ের ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের অধীন ঘোষিত আয় অন্যান্য স্বাভাবিক আয়ের সাথে একীভূত করা যাইবে না।

ছক
"অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত আয়" এর ঘোষণা পত্র

(১) করদাতার নাম ও ঠিকানা: ----------

(২) টিআইএন. (যদি থাকে): ----------

(৩) সার্কেলের নাম: ---------- কর অঞ্চলের নাম: ----------

(৪) ঘোষিত আয়ের পরিমাণ: ---------- (অংকে) ----------
(কথায়)

(৫) পরিশোধিত করের
(ক) পরিমাণ: ----------
(খ) চালান নং/পে অর্ডার নং ---------- তারিখ: ----------

তারিখ ----------

করদাতার নাম ও স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে,
ফারুক আহমদ সিদ্দিকী
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner